



## জনপ্রিয় টালিউড অভিনেতা রাহুলের মর্মান্তিক মৃত্যু



টালিউড অভিনেতা রাহুল। ছবি: সংগৃহীত

টালিউডের পরিচিত মুখ রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায় আর নেই। ভারতের দিঘার তালসারি সৈকতে শুটিং চলাকালে দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৪২ বছর বয়সী এই অভিনেতা।

রোববার (২৯ মার্চ) ‘ভোলে বাবা পার করেগা’ ধারাবাহিকের দৃশ্যধারণের সময় পানিতে নামেন রাহুল। একপর্যায়ে তিনি ডুবে গেলে ইউনিটের সদস্যরা তাকে উদ্ধার করে দ্রুত হাসপাতালে নিয়ে যান। তবে চিকিৎসকরা শেষ পর্যন্ত তাকে বাঁচাতে পারেননি।

সহশিল্পী ভাস্কর বন্দ্যোপাধ্যায় জানান, শুটিং শেষে অন্যরা বিরতিতে গেলেও রাহুল আরও কিছু দৃশ্য ধারণ করতে পানিতে নামেন। হঠাৎ এমন ঘটনা ঘটে যাবে, তা কেউ কল্পনাও করেননি বলে জানান তিনি।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পানিতে ডুবে তার মৃত্যু হয়েছে।

খিয়েটার দিয়ে অভিনয়জীবন শুরু করা রাহুল দীর্ঘ সময়ে শত শত নাটকে অভিনয় করেছেন। বড় ও ছোট পর্দা—দুই মাধ্যমেই তার উপস্থিতি ছিল সমানভাবে দৃশ্যমান। ২০০৮ সালে মুক্তি পাওয়া ‘চিরদিনই তুমি যে আমার’ সিনেমার মাধ্যমে তিনি ব্যাপক পরিচিতি পান।

সম্প্রতি চলমান ধারাবাহিক ‘ভোলে বাবা পার করেগা’-তে তার অভিনয় প্রশংসিত হচ্ছিল। পাশাপাশি তার পডকাস্ট ‘সহজ কথা’ও শ্রোতাদের কাছে জনপ্রিয় হয়ে উঠেছিল।